

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 31-01-2026

Time: 07:35–07:40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Transfer of TPS & IPS :

রাজ্য পুলিশে আইপিএস এবং টিপিএস স্তরে বদলি হলেন নয়জন অফিসার। ধলাই জেলার নতুন পুলিশ সুপার হচ্ছেন দেসাই রশিকেশ জয়সিং। মিহির লাল দাসকে টিএসআরের প্রথম ব্যাটেলিয়ানের কমান্ডেন্টের দায়িত্ব দেওয়া হয়েছে। গোমতী জেলার অতিরিক্ত পুলিশ সুপার হচ্ছেন আইপিএস রিশভ। জ্যোতিষ্ঠান দাস চৌধুরীকে টিএসআর ১১ ব্যাটেলিয়ান এবং শংকর দেবনাথকে টিএসআর ১২ ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট'এর অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে। মোহনপুরের এসডিপিও হচ্ছেন আশিস দেবনাথ এবং পুলিশের স্পেশাল ব্রাঞ্চে ডিএসপি হিসেবে বদলি হলেন সব্যসাচী দেবনাথ। গতকাল সাধারণ প্রশাসন বদলির নির্দেশিকা জারি করেছে।

* * * * *

Ashwini Vaishnaw :

তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈঞ্চো বলেছেন ১৬ থেকে ২০ ফেব্রুয়ারি নয়াদিল্লিতে অনুষ্ঠিত হতে যাওয়া ভারত-এআই ইমপ্যাক্ট সামিট ২০২৬ সমগ্র বিশ্বের মধ্যে এখন পর্যন্ত সবচেয়ে বড় এআই সামিট হতে চলেছে। গতকাল নয়াদিল্লিতে সংবাদমাধ্যমের সাথে কথা বলতে গিয়ে শ্রী বৈঞ্চো বলেন যে ১০০ জনেরও বেশি সিইও এআই ইমপ্যাক্ট সামিট-এ যোগ দিচ্ছেন। ভারত যেভাবে তার এআই ইকোসিস্টেম তৈরি করেছে তার প্রশংসা করে এটিকে উৎসাহব্যঞ্জক বলে অভিহিত করেছেন তিনি।

* * * * *

Amit Sah :

কেন্দ্ৰীয় স্বৱান্ত্ৰমন্ত্ৰী অমিত শাহ আসামের ডিক্ৰগড় জেলায় উদ্বোধন ও ভিত্তিপ্রস্তুতি স্থাপনের পৰি ধৰ্মাজি জেলায় তাকাম মিসিং পোৱিন কেবাং যুব উৎসবে প্ৰধান অতিথি হিসেবে যোগ দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্ৰী হিমন্ত বিশ্ব শৰ্মা এবং কেন্দ্ৰীয় বন্দৱ, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্ৰী সৰ্বানন্দ সোণোয়াল। কেন্দ্ৰীয় মন্ত্ৰী মিসিং সম্প্ৰদায়েৰ সংস্কৃতি এবং প্ৰকৃতি সংৱৰ্ষণেৰ জন্য তাদেৱ কাজেৱ প্ৰশংসা কৱেন। স্বৱান্ত্ৰমন্ত্ৰী জানান যে এই সম্প্ৰদায়েৰ যুবকদেৱ জন্য শীঘ্ৰই একটি বিশেষ নিয়োগ অভিযান শৱ্ৰ কৱা হবে।

* * * * *

Bishramganj Panchayet :

নব গঠিত বিশ্বামগঞ্জ নগৱ পঞ্চায়েতেৱ এগজিকিউটিভ অফিসারেৱ দায়িত্ব পেলেন বিশালগড়েৱ এসডিএম বিক্ষি সাহা। নগৱ পঞ্চায়েতটিৱ ডেপুটি এগজিকিউটিভ অফিসারেৱ দায়িত্ব পেলেন বিশালগড় মহকুমা শাসক অফিসেৱ ডেপুটি কালেক্টৱ প্ৰসেনজিত দাস।

* * * * *

Nirmala Sitharaman :

২০২৬-২৭ সালেৱ কেন্দ্ৰীয় বাজেট উপস্থাপনেৱ পৰি অৰ্থমন্ত্ৰী নিৰ্মলা সীতারামন দেশেৱ বিভিন্ন অঞ্চলেৱ প্ৰায় ত্ৰিশ জন কলেজ ছাত্ৰেৱ সাথে মতবিনিময় কৱবেন। এই উদ্যোগেৱ অংশ হিসেবে, কলেজ ছাত্ৰৱা লোকসভা গ্যালারি থেকে কেন্দ্ৰীয় বাজেটেৱ সৱাসৱি উপস্থাপনা প্ৰত্যক্ষ কৱাৱ সুযোগও পাৰে। এই উদ্যোগেৱ লক্ষ্য হল শিক্ষার্থীদেৱ মধ্যে অৰ্থ, অৰ্থনীতি, শাসন এবং গণতান্ত্ৰিক প্ৰক্ৰিয়া সম্পর্কে আৱও সচেতনতা বৃক্ষি কৱা।

* * * * *

AI Impact Summit :

আগামী ফেব্ৰুয়াৰি মাসে নয়াদিল্লিৱ ভাৰত মন্ডপমে অনুষ্ঠিতব্য ইণ্ডিয়া এআই-ইমপ্যাক্ট সামিট ২০২৬ এৱ প্ৰস্তুতি হিসেবে গতকাল প্ৰজ্ঞাভবনে

আঞ্চলিক স্তরের এক সচেতনতামূলক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় মুখ্যসচিব জে কে সিনহা বলেন, আসন্ন সামিটের বিষয়ে সকলকে সাম্যক ধারণা দেওয়ার লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়েছে। এই কর্মশালার মাধ্যমে অংশগ্রহণকারীরা কৃতিম বুদ্ধিমত্তার প্রয়োগের ক্ষেত্রে আরও সমৃদ্ধ হবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

* * * * *

PM Poshan :

প্রধানমন্ত্রী পোষণ প্রকল্পের আওতায় সামাজিক নিরীক্ষা সংক্রান্ত এক দিনের কর্মসূচি গতকাল উদয়পুরে অনুষ্ঠিত হয়েছে। রাজস্ব কলক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের মিড ডে মিল প্রকল্পের স্বচ্ছতা ও কার্যকারিতা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

* * * * *

Child Marriage Free India :

জিরানীয়া চাইন্ড ডেভেলপমেন্ট প্রজেক্ট অফিসারের কার্যালয়ের উদ্যোগে গতকাল জিরানীয়া পঞ্চায়েত সমিতি হলে বাল্যবিবাহ মুক্ত ভারত প্রচার অভিযানের অঙ্গ হিসেবে এক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ বলেন, বাল্যবিবাহ আজও সমাজের এক গভীর ও উদ্বেগজনক সমস্যা। এই কু প্রথাকে তৃণমূল স্তর থেকে নির্মূল করতে হলে সমাজের সকল অংশের জনগণকে প্রিক্যবন্ধিতাবে এগিয়ে আসতে হবে।

* * * * *

Suklacharan Noatia :

গতকাল বিলোনিয়ায় বিলোনিয়া প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভার উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুল্কারণ নোয়াতিয়া।

Bikash Debbarma :

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন যুব সমাজকে নেশার করাল গ্রাস থেকে মুক্ত করতে হলে খেলাধূলার প্রতি তাদের আকৃষ্ট করতে হবে। খেলাধূলা শরীর ও মনকে সুস্থ রাখে, পাশাপাশি জীবনে শৃঙ্খলা ও লক্ষ্যবোধ তৈরি করে। গতকাল মুঙ্গিয়াকামি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করে তিনি এ কথা বলেন। বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বিভিন্ন ইভেন্টে প্রতিযোগিতামূলক খেলাধূলায় অংশ নেয়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।
